

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী: সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাংগুয়েজ লারনার্স-এর পুনঃ নির্বাচন

কোন কাউন্সিলের পুনঃনির্বাচন অনুষ্ঠিত হবে?

সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাংগুয়েজ লারনার্স

কখন পুনঃনির্বাচন অনুষ্ঠিত হয়?

পুনঃনির্বাচন অন-লাইনে www.powertotheparents.org ওয়েবসাইটে মঙ্গলবার, ১ জুন, ২০১০ তারিখ থেকে মধ্যরাত শুক্রবার, ৪ জুন, ২০১০ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। রাতদিন ২৪ ঘণ্টা যেকোন কম্পিউটার থেকে অন-লাইনে ভোট প্রদান করা যাবে।

এই পুনঃনির্বাচনের উদ্দেশ্য কী?

যদি অনেক প্রার্থী সমান সংখ্যক ভোট পায় এবং সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাংগুয়েজ লারনার্স-এ নয় জন সদস্য এখনও নির্বাচিত না হয়ে থাকে, সেক্ষেত্রে “টাই ব্রেকার” হিসেবে পুনঃনির্বাচন হয়ে থাকে।

পুনঃনির্বাচনে কারা ভোটদানের যোগ্য?

সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাংগুয়েজ লারনার্স-এর ডিস্ট্রিক্ট প্রতিনিধি নির্বাচকগণ – ঐ একই ব্যক্তিবর্গ যারা ১১-১২ মে, ২০১০ তারিখে অফিসিয়াল সিসিইএলএল নির্বাচনে ভোটদান করেছিল, তারাই তাদের ডিস্ট্রিক্টের পুনঃনির্বাচনে ভোটদানের যোগ্য।

একজন অফিসিয়াল ডিস্ট্রিক্ট নির্বাচক (সিলেক্টর) কয়টি ভোট দিতে সক্ষম?

অফিসিয়াল ডিস্ট্রিক্ট সিলেক্টর পুনঃনির্বাচনে একটি ভোটদানের যোগ্য।

আমি কোথায় আমার ভোটদানের সনদ পেতে পারি (ইউনিক ভোটার আইডি এবং পাসওয়ার্ড)?

সিসিইএলএল-এর সকল অফিসিয়াল সিলেক্টর একই ভোটিং সনদসহ (ইউনিক ভোটার আইডি এবং পাসওয়ার্ড) চিঠি পাবে যা www.powertotheparents.org ওয়েবসাইটে লগ-অন করে ভোটদানের জন্য তাদের প্রয়োজন হবে।

এই ভোটদান সংক্রান্ত সনদগুলো কি ১১-১২ মে-তে অনুষ্ঠিত অফিসিয়াল ডিস্ট্রিক্ট সিলেক্টর ভোটের মতই?

হ্যাঁ, ভোটদানের এই সনদগুলো (ইউনিক ভোটার আইডি এবং পাসওয়ার্ড) একইরকম।

আমি যদি ভোটিং সনদগুলো না পাই, সেক্ষেত্রে আমার কী করা উচিত?

আপনি অফিস ফর ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসির জ্যাকলিন বেরিম্যানকে 212-374-4118 নম্বরে ফোন করতে বা jberrymann@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করতে পারেন।

বাড়ি অথবা কর্মস্থলে আমার কম্পিউটার ব্যবহারের সুযোগ নেই, সুতরাং আমি কীভাবে ভোট দিতে পারি?

পাবলিক লাইব্রেরিগুলোতে, ডিপার্টমেন্ট অব এডুকেশনের ডিস্ট্রিক্ট অফিসসমূহে এবং অনেক স্কুলে কম্পিউটার ব্যবহার করে ইন্টারনেটে যাবার সুযোগ আছে। এমন একটি কাছাকাছি স্থানে ভোটদানের জন্য 311 নম্বরে ফোন করুন।

আমি অন-লাইনে কীভাবে ভোট দিতে পারি?

১. ইন্টারনেটে www.powertotheparents.org ওয়েবসাইটে যান
২. “এখানে ভোট দিন” বাটনে ক্লিক দিন
৩. আপনার ইউনিক ভোটার আইডি এবং পাসওয়ার্ড দিন
৪. যখন পুনঃনির্বাচনের প্রার্থীদের তালিকা দেখা যায়, আপনি যে প্রার্থীকে ভোট দেবেন তার নামের পাশের বক্সটিতে ক্লিক করুন
৫. “সাবমিট ভোট” বাটনে ক্লিক করুন

পুনঃনির্বাচনের ফলাফল কখন ঘোষণা করা হবে?

বিজয়ী প্রার্থীদেরকে বুধবার, ৯ জুন, ২০১০ তারিখে ফল জানানো হবে।

আমার যদি ভোট দিতে সমস্যা হয়, আমার কার সাথে যোগাযোগ করা উচিত?

অফিসিয়াল ডিস্ট্রিক্ট সিলেক্টরগণ 311 নম্বরে ফোন করতে পারেন। ইমেইলে jberryman@schools.nyc.gov ঠিকানায়ও সহায়তা পাওয়া যাবে।